ইতালির নতুন রাষ্ট্রদূত শামীম আহসান

চেম্বার ডেস্ক:: ইতালিতে নতুন রাষ্ট্রদূত হিসেবে যোগ দিচ্ছেন কূটনৈতিক মো. শামীম আহসান।

আগামীকাল শুক্রবার তার আন্তর্জাতিক বিমানবন্দর লিওনার্দো দ্য ভিঞ্চি হয়ে রোমে আসার কথা রয়েছে।

এক খুদে বার্তায় এ তথ্য নিশ্চিত করেছেন সদ্য ইতালিতে বাংলাদেশ দূতাবাসে নিয়োগ পাওয়া নতুন রাষ্ট্রদূত শামীম আহসান।

প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব ও সদ্য বিদায়ী রোম বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত আবদুস সোবহান সিকদারের স্থলাভিষিক্ত হবেন মো. শামীম।

বিসিএস ১১তম ব্যাচের এ কূটনীতিক ১৯৯৩ সালের এপ্রিলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন।

২০১৪ সালের এপ্রিলে নিউইয়র্কের কনসাল জেনারেল হিসেবে নিয়োগ পাওয়ার আগে তিনি ওয়াশিংটন ডিসি, রোম, নাইরোবি, দোহা ও কুয়েতসহ বিভিন্ন শহরে বাংলাদেশের মিশনে দায়িত্ব পালন করেন।

শামীম আহসান ১৯৬৬ সালে ১ সেপ্টেম্বর জন্মগ্রহণ করেন।

এদিকে নতুন রাষ্ট্রদূত হিসেবে রোমে আসার খবরে ইতালি প্রবাসী

বাংলাদেশিরা সামাজিক যোগাযোগমাধ্যমে স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন।

তারা বলছেন, রোম বাংলাদেশ দূতাবাস ও মিলান কনস্যুলেট অফিসের বিরুদ্ধে সেবার মান ও রাজনৈতিক ছত্রছায়া এবার অনেকাংশই কমে যাবে। বিগত দিনের বদনাম ঢেকে দিয়ে সাধারণ মানুষ যথাযথ সেবা পাবেন এমনটি আশা করছেন নতুন এ রাষ্ট্রদূতের কাছে।